



তেজগাঁওয়ে আওয়ামী লীগের ঝটিকা মিছিল, আয়োজক সুইটি গ্রেফতার



সংগৃহীত ছবি

রাজধানীর তেজগাঁওয়ে নিষিদ্ধ আওয়ামী লীগের ঝটিকা মিছিল আয়োজনের অভিযোগে মহিলা আওয়ামী লীগ নেত্রী নাহিদা নূর সুইটি গ্রেফতার হয়েছেন। একই ঘটনায় আরও ৯ নেতাকর্মীকে আটক করেছে ডিবি।

ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) তেজগাঁওয়ে আওয়ামী লীগের ঝটিকা মিছিল আয়োজনের মূল উদ্যোক্তা মহিলা আওয়ামী লীগের নেত্রী নাহিদা নূর সুইটিকে গ্রেফতার করেছে।

শুক্রবার জুমার নামাজের পর রহিম মেটাল মসজিদের সামনে আকস্মিক এই মিছিলের আয়োজন করা হয়।

শনিবার (৬ সেপ্টেম্বর) বিকেলে রাজধানীর কাফরুল থানার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে সুইটিকে গ্রেফতার করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন ডিএমপি'র মিডিয়া অ্যান্ড পাবলিক

রিলেশন্স বিভাগের উপকমিশনার (ডিসি) মুহাম্মদ তালেবুর রহমান।

নাহিদা নূর সুইটি ঢাকা মহানগর উত্তর মহিলা আওয়ামী লীগের সদস্য এবং কাফরুল থানা মহিলা আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন। এর

আগে তিনি কাফরুল থানা আওয়ামী লীগের ৯৪ নম্বর ওয়ার্ড মহিলা শাখার সাধারণ সম্পাদক ছিলেন।

অন্যদিকে, একই ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে আওয়ামী লীগের আরও ৯ নেতাকর্মীকে শুক্রবার (৫ সেপ্টেম্বর) রাতে অভিযান চালিয়ে গ্রেফতার করেছে ডিবি।